

আমরা নিউহ্যামে আবর্জনা সংগ্রহের কাজে পরিবর্তন আনতে চলেছি।

একটি নতুন রুটিনের জন্য প্রস্তুত হন

✓ বিন

✓ গোসল

✓ বিছানা



10 জুন 2024 থেকে, বর্জ্য এবং পুনর্ব্যবহারযোগ্য দ্রব্য সংগ্রহ পরিষেবাগুলিতে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ পরিবর্তন ঘটবে। এই পরিবর্তনগুলি আপনার কঠোর পরিশ্রমী সংগ্রহকারী দলকে আরও দক্ষ উপায়ে কাজ করতে সাহায্য করবে এবং আমাদের পুনর্ব্যবহার করার হার বাড়াতেও সাহায্য করবে। আমরা 2030 সালের মধ্যে কার্বন নিউট্রাল হয়ে উঠতে প্রতিশ্রুতিবদ্ধ। আমরা এমন পরিবর্তনগুলি করতে চাই যা থেকে সমস্ত বাসিন্দা, পৌরসভা এবং আমাদের গ্রহ উপকৃত হবে।

বিন ডে-এর জন্য প্রস্তুত থাকুন কী কী পরিবর্তন ঘটতে চলেছে?



জুন						
M	T	W	T	F	S	S
					1	2
3	4	5	6	7	8	9
10	11	12	13	14	15	16
17	18	19	20	21	22	23
24	25	26	27	28	29	30

নতুন সংগ্রহের দিন

আপনি যে আপনার আবর্জনা সংগ্রহের দিন জানেন তা নিশ্চিত করুন। আপনার বিনগুলি আমরা এখন যে দিন সংগ্রহ করি তা 10 জুন থেকে পাল্টে যেতে পারে – আপ টু ডেট থাকুন এবং newham.gov.uk/BeBinDayReady-তে আপনার সংগ্রহের দিনটি দেখুন

আপনার সংগ্রহের দিনের আগের রাতে আপনার বিনগুলি বাইরে রাখুন

আপনি যদি একটি বাড়িতে বা ফ্ল্যাটে হিসেবে ভাগ করা বাড়িতে বাস করেন, সংগ্রহের জন্য আপনার আবাসনের প্রান্তে আপনার আবর্জনার বিন রাখুন।

বিনগুলি যতটা সম্ভব ফুটপাথের কাছাকাছি রাখা উচিত - উদাহরণস্বরূপ আপনার গেটের পাশে বা আপনার ড্রাইভের শেষে।

আমরা সকাল 6টা থেকে বিন সংগ্রহ শুরু করার আগে বিনগুলি বের করে দিতে হবে।



বিন সংগ্রহের ক্ষেত্রে সহায়তা

আপনি যদি মনে করেন যে আপনার বিন সরানোর ক্ষেত্রে আপনি সমস্যার সম্মুখীন হছেন, তাহলে আপনি একটি বিন সংগ্রহের ক্ষেত্রে সহায়তার (অ্যাসিস্টেড কালেকশন) জন্য যোগ্য কিনা তা দেখুন। এইক্ষেত্রে কর্মীরা আপনার হয়ে বিনটি সরিয়ে নিয়ে যেতে পারেন।

আবেদন করতে, newham.gov.uk/BeBinDayReady ঠিকানায় যান




প্রতি সপ্তাহে রিসাইকেল করুন

আপনি এখন প্রতি সপ্তাহে রিসাইকেল করতে আপনার কমলা-ঢাকনায়ুক্ত বিন ব্যবহার করতে পারেন।



✓ হ্যাঁ, অনুগ্রহ করে

দ্রব্যগুলি খালি, পরিষ্কার এবং শুকনো হওয়া উচিত



✗ না, ধন্যবাদ



যদি একটি পুনর্ব্যবহারযোগ্য বিনে এমন দ্রব্য থাকে যা আমরা পুনর্ব্যবহার করতে পারি না, তাহলে বিনটি খালি করা হবে না। পুনর্ব্যবহার করা সম্ভব নয় এমন দ্রব্য থাকার কারণে না খালি করা রিসাইক্লিং বিন সংগ্রহ করার জন্য আমরা ফিরে যাব না। আপনার পরবর্তী নির্ধারিত সংগ্রহের দিনের আগে আপনাকে পুনর্ব্যবহার করতে পারি না এমন দ্রব্যগুলি সরিয়ে ফেলতে হবে।

অতিরিক্ত বর্জ্য যেন না থাকে

নিশ্চিত করুন যে আপনার সমস্ত বর্জ্য যেন আপনার বিনের মধ্যে ঐটে যায়, আমরা বিনের পাশে রাখা অতিরিক্ত আবর্জনা সংগ্রহ করব না, বা যেখানে ঢাকনা বন্ধ নেই সেখানে আবর্জনা সংগ্রহ করব না।






- ✓ আপনার সংগ্রহের দিন দেখে বিন
- ✓ পুনর্ব্যবহারযোগ্য দ্রব্যগুলিকে আলাদা করে রাখুন
- ✓ অতিরিক্ত বর্জ্য যেন না থাকে
- ✓ বিনের ঢাকনা যেন বন্ধ থাকে
- ✓ আগের রাতে বিন বাইরে বের করে রাখুন

অনলাইনে আমাদের #BeBinDayReady আপডেটগুলি ফলো করুন বা আরও তথ্যের জন্য আপনার স্থানীয় লাইব্রেরিতে যান।

X এবং Facebook-এ @NewhamLondon ফলো করে আপ টু ডেট থাকুন, আপনি [newham.gov.uk/UpdatesFromMayorAndNewham](https://www.newham.gov.uk/UpdatesFromMayorAndNewham)-এর মাধ্যমে কাউন্সিলের সাপ্তাহিক নিউজলেটারের জন্যেও সাইন আপ করতে পারেন।



প্যারা
ডফিনারনেটসে
ইডভিমােস



[newham.gov.uk/BeBinDayReady](https://www.newham.gov.uk/BeBinDayReady)